বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

বিষয়: **বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুসারে ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের আলোকে গত ২২/১২/২০২১ এবং ২৩/১২/২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কৃষি তথ্য কেন্দ্র, কম্পিউটার ও জিআইএস ইউনিট এবং অর্থ ইউনিটের সেবা কার্যক্রম পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিবীক্ষণ প্রতিবেদন।

২৯-১২-২০২১
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৯/১(৩)

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি:

১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ( ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, টিটিএমইউ এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

৩) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

২৯-১২-২০২১

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

**বিষয়:সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ এর আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন ।**

গত ২২/১২/২০২১ এবং ২৩/১২/২০২১ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অনুসারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ১০/১০/২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কৃষি তথ্য কেন্দ্র, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট এবং অর্থ ইউনিটের সেবা সংক্রান্ত ২য় ত্রৈমাসিক কার্যক্রমসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তাবায়ন করা হয়েছে কি না তা পরিদর্শন করে পরীক্ষা করা হয় যা নিম্নে উপস্থাপন করা হলো:

## কৃষি তথ্য কেন্দ্রের সেবা

**১) সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রেরণ:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রেরণ বিষয়টি দাপ্তরিক সেবার আওতাধীন। এজন্য প্রয়োজনীয় যে কাগজপত্র লাগবে তা হলো: সেবা গ্রহীতা প্রতিষ্ঠানের চাহিদা পত্র । এ সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৪ (চার) কার্যদিবস।

১.১ কৃষি তথ্য কেন্দ্রের ই নথি নং: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.২৮ পর্যালোচনায় দেখা যায়, কৃষি মন্ত্রণালয় থেকে গত ০৫/১০/২০২১ তারিখে একাদশ জাতীয় সংসদে ২০২২ সালের প্রথম অধিবেশনের প্রারম্ভে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণে অন্তর্ভূক্তির জন্য তথ্য প্রদান বিষয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রটি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ০৭/১০/২০২১ তারিখে কৃষি তথ্য কেন্দ্রে প্রাপ্তির পর ১১/১০/২০২১ তারিখে তথ্য প্রতিবেদন প্রস্তুত করে ই-নথিতে উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে গত ১৪/১০/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

১.২ কৃষি তথ্য কেন্দ্রের ই নথি নং: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.৩১ পর্যালোচনায় দেখা যায়, জনাব আবদুল লতিফ, মাননীয় সংসদ সদস্য (চট্রগ্রাম-১১) কর্তৃক উত্থাপিত প্রশ্ন ''মাননীয় প্রধানমন্ত্রী অনুগ্রহ করিয়া বলিবেন কি-উৎপাদন নির্ভর অর্থনীতি গড়িয়া তুলিবার লক্ষ্যে গত একযুগে কি কি পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে? প্রশ্নের জবাবে গত ০২/১১/২০২১ তারিখে একাদশ জাতীয় সংসদের পঞ্চদশ অধিবেশনের ১৭ নভেম্বর ২০২১ তারিখের বৈঠকের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মৌখিক উত্তর দানের জন্য ০৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান বিষয়ে কৃষি মন্ত্রণালয় থেকে ০২/১১/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রটি নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দপ্তর হতে ০৩/১১/২০২১ তারিখে কৃষি তথ্য কেন্দ্রে প্রাপ্তির পর ০৮/১১/২০২১ তারিখে তথ্য প্রতিবেদন প্রস্তুত করে ই-নথিতে উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে গত ০৯/১১/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

১.৩ কৃষি তথ্য কেন্দ্রের ই নথি নং: ১২.২০.০০০০.০২৭.০৯.০০১.২১.৩২ পর্যালোচনায় দেখা যায়, কৃষি মন্ত্রণালয় থেকে জনাব হাজী মো: সেলিম, মাননীয় সংসদ সদস্য (ঢাকা-৭) কর্তৃক উত্থাপিত তারকাবিহীন প্রশ্ন নং ৩৯০ ''মাননীয় খাদ্যমন্ত্রী অনুগ্রহ করিয়া বলিবেন কি- ক) চলতি অর্থবছরে দেশে খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা কত; রপ্তানির লক্ষ্যমাত্রা কত; এবং খ) লক্ষ্যমাত্রা অর্জনে সরকারের গ্রহীত পদক্ষেপ কি; অর্জিত সফলতা কি; যা খাদ্য মন্ত্রণালয় হতে স্থানান্তরিত প্রশ্ন মাননীয় কৃষি মন্ত্রী মহোদয় কর্তৃক লিখিত উত্তর দানের জন্য জবাব প্রেরণের নিমিত্ত কৃষি মন্ত্রণালয় হতে ১৫/১১/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয় । উক্ত পত্রটি নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দপ্তর হতে ১৬/১১/২০২১ তারিখে কৃষি তথ্য কেন্দ্রে প্রাপ্তির পর ২০/১১/২০২১ তারিখে তথ্য

প্রতিবেদন প্রস্তুত করে ই-নথিতে উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে গত ২১/১১/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

২ ) **মন্ত্রলালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রেরণ দাপ্তরিক সেবার আওতাধীন। এজন্য প্রয়োজনীয় যে কাগজপত্র লাগবে তা হলো: মন্ত্রণালয়/সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাহিদা পত্র। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৭ (সাত) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট হতে বাস্তবায়িত হয়ে থাকে।

২.১ কৃষি তথ্য কেন্দ্রের (লাইব্রেরী এন্ড রিপ্রোগ্রাফিক শাখা) ই নথি নং: ১২.২০.০০০০.০২৭.৩৭.০০১.২১.৩৩ পর্যালোচনায় দেখা যায়, কৃষি মন্ত্রণালয় থেকে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত উদ্যোগ/প্রকল্পসমূহের পাইলটিং এর অগ্রগতি বিষয়ে তথ্য প্রেরণের নিমিত্ত গত ১৫/১১/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রটি নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দপ্তর হতে ১৬/১১/২০২১ তারিখে কৃষি তথ্য কেন্দ্রে প্রাপ্তির পর ১৫/১২/২০২১ তারিখে তথ্য প্রতিবেদন প্রস্তুত করে ই-নথিতে উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে গত ১৫/১০/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান সম্পন্ন হয়নি।**

২.২ জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিটের নথি নং: ১২.২০.০০০০.০১৩.২৫.০০২.২০.১৬৯৪ পর্যালোচনায় দেখা যায়, কৃষি মন্ত্রণালয় থেকে বাংলাদেশ পর্যটন মহাপরিকল্পনা প্রণয়নে ফোকাল পয়েন্ট ও প্রয়োজনীয় তথ্য প্রেরণের নিমিত্ত গত ০৪/১০/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রটি নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের দপ্তর হতে ৫/১০/২০২১ তারিখে জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিটে প্রাপ্তির পর প্রশাসনিক নির্দেশক্রমে কৃষি তথ্য কেন্দ্র থেকে ড. সুস্মিতা দাস, প্রিন্সিপাল ডকুমেন্টেশন অফিসারকে ফোকাল পয়েন্ট নির্বাচনপূর্বক ১০/১০/২০২১ তারিখে প্রয়োজনীয় তথ্য প্রতিবেদন প্রস্তুত করে প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে গত ১১/১০/২০২১ তারিখে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

৩) **ফটোগ্রাফিক সার্ভিস:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ফটোগ্রাফিক সার্ভিস বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে সকল বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদাপত্র সাপেক্ষে সেবা প্রদান করা হয়। । এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০১ (এক) কার্যদিবস।

৩.১ কৃষি তথ্য কেন্দ্রের বিভিন্ন নথি পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের বিভিন্ন বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদা মোতাবেক অনুষ্ঠিত প্রশিক্ষণ/কর্মশালা ও এপিএ সংক্রান্ত কার্যক্রমের ফটোগ্রাফিক সার্ভিস সেবা প্রদান করা হয়েছে।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

৪) **প্রচ্ছদ, ব্যানার, উৎসব কার্ড, অলংকরণ, মুদ্রণ ও বিতরণ** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রচ্ছদ, ব্যানার, উৎসব কার্ড, অলংকরণ, মুদ্রণ ও বিতরণ বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে সকল বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদাপত্র সাপেক্ষে সেবা প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৭ (সাত) কার্যদিবস।

৪.১ কৃষি তথ্য কেন্দ্রের বিভিন্ন নথি পর্যালোচনায় দেখা যায়, প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে কাউন্সিলের বিভিন্ন বিভাগ/ইউনিটের চাহিদা মোতাবেক ক্যালেন্ডার (১২ পৃষ্ঠা) + কভার পেজ, নেমপ্লেট-এআইসি বিল্ডিং, বার্ষিক প্রতিবেদন কভার পেজ, নোটবুক (৪ পৃষ্ঠা) + কভার পেজ, নতুন বছরের শুভেচ্ছা কার্ড, প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট (পিসিআর)-এ কভার পেজ, গ্লাস ডোর ডিজাইন, ফ্রন্ট গেট ব্যানার ইত্যাদির গ্রাফিক্স ডিজাইন নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও চলতি প্রান্তিকে বিএআরসি হতে নববর্ষের শুভেচ্ছা কার্ডসহ ডায়েরী ও ক্যালেন্ডার এর ৫০০ কপি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা, অন্যান্য মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে।

## অর্থ ইউনিটের সেবা

**৫) সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুর:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুর বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুর এর অফিস আদেশ জারি করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১০ (দশ) কার্যদিবস।

৫.১ অর্থ ইউনিটের নথি নং: ১২.২০.০০০০.০২৩. ০২(১).০০৭.২১.১১৮৮ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের অবসরপ্রাপ্ত সদস্য পরিচালক ড. সুলতান আহম্মেদ কর্তৃক সিপিএফ সুবিধাদি উত্তোলনের জন্য গত ১৪/০৬/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি সংস্থাপন শাখা থেকে ১৬/০৯/২০২১ তারিখে অফিস আদেশ প্রাপ্তির পর গত ২২/১০/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তার অনুকূলে টাকা ৩৮,৩৩,৬৭৪/- (আটত্রিশ লক্ষ তেত্রিশ হাজার ছয়শত চুয়াত্তর মাত্র) পরিশোধের মঞ্জুরী প্রদান করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় বেশী লেগেছে।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান সম্পন্ন হয়নি।**

৫.২ অর্থ ইউনিটের নথি নং: ১২.২০.০০০০.০২৩. ০২(২).০০৭.২১.৩১৬ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের প্রাক্তন জুনিয়র বিবলিওগ্রাফিক অফিসার জনাব হোসনে আরা ফেরদ্যৌস ০৫/১১/২০২১ তারিখে পূর্ণ অবসরে গেছেন। বর্ণিত কর্মকর্তার সিপিএফ সুবিধাদি উত্তোলনের সংস্থাপন শাখা থেকে অফিস আদেশ প্রাপ্তির পর গত ২৪/১১/২০২১ তারিখে টাকা ৭,৬৮,২৬৪/- (সাত লক্ষ আটত্রিশ দুইশত চৌষট্টি মাত্র) পরিশোধের মঞ্জুরী প্রদান করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

৫.৩ অর্থ ইউনিটের নথি নং: ১২.২০.০০২৬.০৭৭. ৭৫.০৪৭.২১/৩৯৫/২০০০ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের মো: মহসিন, অফিস সহায়ক এর গত ০৮/১১/২০২১ তারিখে সিপিএফ হতে বসতঘর মেরামত অগ্রিম হিসেবে উত্তোলনেরে আবেদনের প্রেক্ষিতে গত ১৭/১১/২০২১ তারিখে টাকা ৪,৩৪,০০০/- (চার লক্ষ চৌত্রিশ হাজার মাত্র) পরিশোধের মঞ্জুরী প্রদান করা হয়।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

৫.৪ এছাড়াও অর্থ ইউনিটের বিভিন্ন নথি পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের বিভিন্ন পর্যায়ের ০৬ জন কর্মচারীর সিপিএফ হতে অগ্রিম হিসেবে উত্তোলনেরে আবেদনের প্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত ১০ (দশ) কার্যদিবসে পরিশোধের মঞ্জুরী প্রদান করা হয়েছে।

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।**

**৬) কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা:** সেবা দুটি কাউন্সিলের অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে সেবা প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ৩০ (ত্রিশ) কার্যদিবস।

**মন্তব্য: কোন সেবা গ্রহীতার আবেদন না পাওয়ায় সেবা প্রদান করা হয়নি।**

**৭. প্রকল্প প্রস্তাবের বিপরীতে অর্থ প্রদান:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রকল্প প্রস্তাবের বিপরীতে অর্থ প্রদান বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের প্রাপ্তি সাপেক্ষে অগ্রিম অর্থ প্রদান করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৩ (তিন) কার্যদিবস।

**মন্তব্য:** গবেষণা খাতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে এই সেবাটি বাস্তবায়ন করা হয়। বর্তমানে এই খাতে অর্থ বরাদ্দ না থাকায় এনএআরএসভূক্ত প্রতিষ্ঠান থেকে প্রকল্প প্রস্তাব আহবান করা হচ্ছে না।

## কম্পিউটার ও জিআইএস ইউনিটের সেবা

৮) **কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে কাউন্সিলের বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদাপত্র বা নোট সিট প্রাপ্তি সাপেক্ষে সেবা প্রদান করা হয় । এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ৩ (তিন) কার্যদিবস।

৮.১ কম্পিউটার ও জিআইএস ইউনিটের নথি/ চাহিদাপত্র/ নোট সিট পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়েছে।

| সেবার নাম | সেবাগ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ |
|---|---|---|---|
| জনবল নিয়োগের জন্য কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান। | বিএআরসি | ১৪/১২/২০২১ | ১৫/১২/২০২১ |
| বিএআরসি এর নিয়োগ পরীক্ষা | বিএআরসি | ১০/১০/২০২১ | ১০/১০/২০২১ |
| বিএআরসি এর নিয়োগ পরীক্ষা | বিএআরসি | ১৩/১০/২০২১ | ১৩/১০/২০২১ |
| বিএসআরআই এর নিয়োগ পরীক্ষা | বিএসআরআই | ১১/১১/২০২১ | ১১/১১/২০২১ |

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হয়েছে। এনএআরএসভুক্ত প্রতিষ্ঠানে সেবা প্রদান করায় সেবাটি প্রাতিষ্ঠানিক সেবার অর্ন্তভূক্ত করা যেতে পারে।**

৯) **কম্পিউটার, হার্ডওয়্যার, সফটওয়্যার, ল্যান, ইন্টারনেট, ই-মেইল সাপোর্ট প্রদান:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বর্ণিত সেবাটি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে কাউন্সিলের বিভাগ/ইউনিট/কেন্দ্রের চাহিদাপত্র বা নোট সিট প্রাপ্তি সাপেক্ষে সেবা প্রদান করা হয় । এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১০ (দশ) কার্যদিবস।

৯.১ কম্পিউটার ও জিআইএস ইউনিটের বিভিন্ন নথি/ চাহিদাপত্র/ নোট সিট পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয়েছে।

**কম্পিউটার, হার্ডওয়্যার, সফটওয়্যার, ল্যান, ইন্টারনেট, ই-মেইল সাপোর্ট প্রদান:**

| সেবা | সেবাগ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ |
|---|---|---|---|
| GIFS অফিসের জন্য ইন্টারনেট সংযোগ | GIFS অফিস, এআইসি বিল্ডিং | ০২/১২/২০২১ | ০৫/১২/২০২১ |
| মেইন বিল্ডিং ইন্টারনেট কানেকশন | সদস্য-পরিচালক (পিএন্ডই) | ০৩/১০/২০২১ | ০৩/১০/২০২১ |
| ইন্টারনেট ট্রাবল শ্যুটিং | সদস্য পরিচালক (এইআরএস) | ১৯/১২/২০২১ | ১৯/১২/২০২১ |
| ইন্টারনেটট্রাবলশ্যুটিং | প্রশাসন বিল্ডিং | ২০/১২/২০২১ | ২০/১২/২০২১ |
| ইউপিএস মেরামত ২টি | নির্বাহী প্রকৌশল শাখা | ০৭/১০/২০২১ | ১৮/১০/২০২১ |
| লেজার প্রিন্টার মেরামত | নির্বাহী প্রকৌশল শাখা | ০৭/১০/২০২১ | ১৮/১০/২০২১ |
| স্ক্যানার মেরামত | নির্বাহীপ্রকৌশলশাখা | ১৪/১০/২০২১ | ১৮/১০/২০২১ |
| লেজার প্রিন্টার মেরামত | নির্বাহী প্রকৌশল শাখা | ১৪/১০/২০২১ | ১৮/১০/২০২১ |
| লেজার প্রিন্টার মেরামত | সহকারী পরিচালক (সংস্থাপন) | ১১/১১/২০২১ | ১৪/১১/২০২১ |
| লেজার প্রিন্টার মেরামত | জনাব মো: হানিফ, সিস্টেমএনালিষ্ট | ১১/১১/২০২১ | ১৪/১১/২০২১ |
| বই ডকুমেন্ট ই-বুক আকারে প্রদর্শনের জন্য ক্লাউড হোস্টিংসফ্টওয়্যার | বিএআরসি'র ওয়েব সাইটে ক্লাউড হোস্টিং সফ্টওয়্যার ইনস্টলেশন | ০৭/১২/২০২১ | ০৯/১২/২০২১ |
| কম্পিউটার ট্রাবল শ্যুটিং | মো: হাবিবুর রহমান, পুষ্টি শাখা | ১৭/১০/২০২১ | ১৭/১০/২০২১ |
| অপারেটিংসিস্টেম ইনস্টলেশন | নির্বাহীপ্রকৌশলী | ২৪/১০/২০২১ | ২৪/১০/২০২১ |
| কম্পিউটার মেইন্টেন্যান্স | আয়শা সিদ্দিকা, পরিকল্পনা বিভাগ | ২৫/১০/২০২১ | ২৫/১০/২০২১ |
| অপারেটিংসিস্টেমইনস্টলেশন | মো: তৈয়বুর রহমান, সি:সহ: পরিচালক | ০৩/১১/২০২১ | ০৪/১১/২০২১ |
| কম্পিউটার ট্রাবল শ্যুটিং | শস্যবিভাগ | ০৪/১১/২০২১ | ০৪/১১/২০২১ |
| মনিটর মেইনন্টেন্যান্স | পিএস টু নির্বাহী চেয়ারম্যান | ০৭/১১/২০২১ | ১০/১১/২০২১ |
| কম্পিউটার ট্রাবল শ্যুটিং | সদস্য পরিচালক (এনআরএম) | ০৮/১১/২০২১ | ০৮/১১/২০২১ |

| সেবা | সেবাগ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ |
|---|---|---|---|
| অপারেটিংসিস্টেম ইনস্টলেশন | মো: ওয়াসিউজ্জামান, এআইসি | ০৯/১১/২০২১ | ১৫/১১/২০২১ |
| স্ক্যানারট্রাবলশ্যুটিং | নির্বাহী প্রকৌশলী | ১৪/১১/২০২১ | ১৪/১১/২০২১ |
| স্ক্যানার ট্রাবল শ্যুটিং | পরিচালক, সাপোর্টসার্ভিস | ১৪/১১/২০২১ | ১৪/১১/২০২১ |
| কম্পিউটার মেইন্টেন্যান্স | আয়শা সিদ্দিকা, প্রশাসন শাখা | ১৪/১১/২০২১ | ১৪/১১/২০২১ |
| লেপটপ ট্রাবল শ্যুটিং | মো: মোস্তাফিজুর রহমান, পিটিও | ১৭/১১/২০২১ | ১৭/১১/২০২১ |
| অডিটরিয়াম পিসি ট্রাবল শ্যুটিং | প্রশিক্ষণ ভবন | ২১/১১/২০২১ | ২১/১১/২০২১ |
| কম্পিউটার ট্রাবল শ্যুটিং | নির্বাহী প্রকৌশলী শাখা | ১২১/১১/২০২১ | ২৩/১১/২০২১ |
| কম্পিউটার ট্রাবলশ্যুটিং | পরিচালক (মৎস্য) | ২৪/১১/২০২১ | ২৪/১১/২০২১ |
| অপারেটিংসিস্টেমইনস্টলেশন | সদস্য পরিচালক (এনআরএম) | ২৯/১১/২০২১ | ০২/১২/২০২১ |
| প্রিন্টার ট্রাবল শ্যুটিং | নির্বাহী প্রকৌশলী শাখা | ০২/১২/২০২১ | ০২/১২/২০২১ |
| কম্পিউটার মেইন্টেন্যান্স | আয়শা সিদ্দিকা, প্রশাসনশাখা | ১২/১২/২০২১ | ১২/১২/২০২১ |
| কম্পিউটার মেইন্টেন্যান্স | মো: কাওছার, নির্বাহী প্রকৌশলী শাখা | ১৫/১২/২০২১ | ২১/১২/২০২১ |
| অপারেটিংসিস্টেম ইনস্টলেশন | সিনি: সহ: পরিচালক (অডিট) | ২৩/১১/২০২১ | ২৬/১২/২০২১ |
| অপারেটিংসিস্টেম ইনস্টলেশন | সিনি: সহ: পরিচালক (বাজেট) | ২৩/১১/২০২১ | ২৭/১২/২০২১ |
| স্ক্যানার ট্রাবল শ্যুটিং | পিএসও, শস্যবিভাগ | ২২/১২/২০২১ | ২২/১২/২০২১ |
| প্রিন্টার ট্রাবল শ্যুটিং | পিএসও, শস্যবিভাগ | ২৩/১২/২০২১ | ২৩/১২/২০২১ |
| অপারেটিংসিস্টেম ইনস্টলেশন | সিনি: সায়েন্টফিক এডিটর, এআইসি | ২৬/১২/২০২১ | ২৭/১২/২০২১ |
| টোনার সরবরাহ (ব্রাদার এইচএল-৬২০০ ডিডব্লিউ প্রিন্টার) | প্রিন্সিপাল ট্রেনিংঅফিসার | ০২/১০/২০২১ | ০৭/১০/২০২১ |
| নতুন ইউপিএস সরবরাহ | হেড ক্যাশিয়ার, অর্থশাখা | ০৭/১০/২০২১ | ২৬/১০/২০২১ |
| টোনার সরবরাহ (ব্রাদার এইচএল-৬২০০) | সিনি: সহকারী পরিচালক | ১৪/১০/২০২১ | ২৬/১০/২০২১ |
| ইউপিএস মেরামত | নির্বাহী চেয়ারম্যান দপ্তর | ১১/১০/২০২১ | ১৮/১০/২০২১ |
| নতুন ইউপিএস সরবরাহ | এইআরএস বিভাগ | ১৯/১০/২০২১ | ২৬/১০/২০২১ |
| টোনার সরবরাহ | সহকারী পরিচালক (সংস্থাপন) | ০৯/১১/২০২১ | ০১/১২/২০২১ |
| কী বোড সরবরাহ | ঐ | ০৯/১১/২০২১ | ০১/১২/২০২১ |
| মাউস ২টি সরবরাহ | ঐ | ০৯/১১/২০২১ | ০১/১২/২০২১ |

**জুম ভার্চুয়াল মিটিং সাপোর্ট**

| | | | |
|---|---|---|---|
| MoU between UPM & BARC | Livestock Division | ০১/১০/২০২১ | ২৬/১০/২০২১ |
| APRC-এর ৩৬তম সেশন আয়োজন উপলক্ষে উপকিমিটির সভা | NRM Division | ১৭/১০/২০২১ | ১৭/১০/২০২১ |
| Crop zoning project এর মিটিং | Computer & GIS | ২৮/১১/২০২১ | ২৮/১১/২০২১ |
| মরহম জননেতা কৃষিবিদ জনাব বদিউজ্জামান বাদশা স্মরণে আলোচনা সভা | MD (A&F) | ২৯/১১/২০২১ | ২৯/১১/২০২১ |
| Inception Workshop of BAAG Project | Dr. A.K. Azad | ০৬/১২/২০২১ | ০৬/১২/২০২১ |
| Agreement signing & inaugural ceremony of GIFS | MD (A&F) | ০৭/১২/২০২১ | ০৭/১২/২০২১ |
| Training course on IoT based Precision Agriculture for Sustainable Production | Agri. Engineering Unit | ২০/১২/২০২১ | ২০/১২/২০২১ |
| D-8 High level official meeting | PTO | ২০/১২/২০২১ | ২০/১২/২০২১ |

**মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হয়েছে। জুম ভার্চুয়াল মিটিং সাপোর্ট-কে প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে অর্ন্তভূক্ত করা যেতে পারে।**

১০. কর্মকান্ডে গতিশীলতা ও তথ্য প্রদানে আগ্রহ: সরেজমিনে কৃষি তথ্য কেন্দ্র, অর্থ ইউনিট এবং কম্পিউটার ও জিআইএস ইউনিটের দায়িত্বপ্রাপ্ত সকলেই তথ্য প্রদানে সহযোগিতা করেছে। কর্মকর্তা ও অন্যান্য সহায়ক কর্মচারীদের মধ্যে কাজের সমন্বয় রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

১১. সুপারিশ:

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | সেবাপ্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুর সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | পরিচালক (অর্থ), বিএআরসি |
| খ) | কম্পিউটার ল্যাব সুবিধা প্রদান সেবাটি প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ; | সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি |
| গ) | জুম ভার্চুয়াল মিটিং সাপোর্ট-কে প্রাতিষ্ঠানিক সেবা হিসেবে অর্ন্তভূক্তকরণের ব্যবস্থা গ্রহণ; | ঐ |
| ঘ) | প্রকল্প প্রস্তাবের বিপরীতে অর্থ প্রদান সেবাটি হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ; | ঐ |
| ঙ) | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা প্রদানে সকল বিভাগকে আওতাধীন শাখা/ইউনিটকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে পত্র প্রেরণ; | প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.), জনশক্তি ও প্রশিক্ষণ ইউনট |

(মো: আল মোবাচ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.)
ও
সদস্য সচিব
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

(ড. সুরাইয়া পারভীন)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ)
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

(মো: মুস্তাফিজুর রহমান)
প্রিন্সিপাল টেকনিক্যাল অফিসার
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

(হাসান মো: হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৭০

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

বিষয়: **বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভিন্ন বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা এর স্ব স্ব সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কি-না তা পরিবীক্ষণের নির্দেশনা আছে। সে মোতাবেক বিএআরসি'র সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২য় সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত কাউন্সিলের কৃষি তথ্য কেন্দ্র, অর্থ ইউনিট এবং কম্পিউটার এন্ড জিআইএস ইউনটের সেবা কার্যক্রম পরিদর্শন করা হয়েছে । উল্লেখ্য, কমিটির সুপারিশসহ ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২১) বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদন (সংযুক্ত) কৃষি মন্ত্রণালয়ে প্রেরণসহ কাউন্সিলের সিটিজেন চার্টার সেবা বক্সে আপলোড করা হয়েছে।

এমতাবস্থায়, পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী আপনার আওতাধীন সকল বিভাগ/.ইউনিট/কেন্দ্র/শাখার সেবা প্রদান কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ করা হলো।

২৯-১২-২০২১
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

বিতরণ :

১) সদস্য পরিচালক, শস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
২) সদস্য পরিচালক, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৩) সদস্য পরিচালক, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৪) সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৫) সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৬) সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
৭) সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৭০/১(৩)

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি:

১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২) প্রধান কারিগরী কর্মকর্তা, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (সিটিজেন চার্টার হালনাগাদকরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

২৯-১২-২০২১
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান